# 2025

# BENGALI

## (Modern Indian Language)

**Full Marks : 100**

**Pass Marks : 33**

**Time : Three hours**

*All questions are compulsory.*

*Marks are indicated against each questions.*

### UNIT – I (Prose and Drama)

**'ক'–গুচ্ছ : (গদ্যাংশ ও নাটক)**

১। কোন রাশিতে বিদ্যাসাগরের জন্ম – ১

(ক) কন্যা রাশি

(খ) বৃশ্চিক রাশি

(গ) বৃষ রাশি

২। পুলিন কে ? ১

(ক) জয়কালী দেবীর পুত্র

(খ) জয়কালী দেবীর ভ্রাতুষ্পুত্র

(গ) জয়কালী দেবীর বোনপো

৩। ফিনল্যান্ড প্রবন্ধটি কোন শ্রেণীর প্রবন্ধ? ১

৪। 'আমরা সবাই সাজঘরের সঙ' – উক্তিটি কার ? ১

৫। ঘন পল্লবের মধ্যে কে আশ্রয় নিয়েছিল ? তার কী করে প্রাণ রক্ষা হলো ? ২

৬। শঙ্কর কীভাবে নরকঙ্কালটি সমাধিস্থ করেছিল ? ২

৭। তর্ক এবং বাক্য সমস্ত কার অংশে পড়েছিল ? পতিরূপে তার সম্পূর্ণ ফলভোগ কে করেছিল ? ২

৮। অমিয় চক্রবর্তীর লেখা দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। ২

৯। হীরার খনির সন্ধানী দুজন বিদেশীর নাম লেখো। ২

১০। ফিনল্যান্ডের সংগীত সম্পর্কে সংক্ষেপে লেখো। ৩

১১। 'সাজঘর' নাটক অবলম্বনে সাজঘরের বর্ণনা দাও। ৩

১২। জয়কালী দেবীর চরিত্র আলোচনা করো। ৫

*অথবা*

'সাজঘর' নাটক অবলম্বনে সর্বদমন সাধুর চরিত্র বর্ণনা করো।

## UNIT– II (Poetry)

'খ'– গুচ্ছ : (পদ্যাংশ)

১৩। ''পরাণের পরাণ নীলমণি'' – কার পরাণের নীলমণি ? ১

(ক) রুক্মিণীর

(খ) যশোদার

(গ) দৈবকীর

১৪। 'পাবকশিখা' শব্দের অর্থ – ১

(ক) ধূয়া

(খ) আগুন

(গ) আগুনের শিখা

১৫। দানব সংহার ______ কাজ। (শূন্যস্থান পূরণ করো) ১

১৬। "এ বয়সে কেউ মাথা নোয়াবার নয়।" কোন বয়সের কথা বলা হয়েছে ? ১

১৭। বাল্যলীলা পদটির পদকর্তার নাম উল্লেখ করে তিনি কোন সময়কার রচনাকার লেখো। ২

১৮। 'কাল ফাঁদে' শব্দের অর্থ কী ? ২

১৯। কামিনী রায় কোন কোন পুরস্কারে সম্মানিত ছিলেন ? ২

২০। "পতঙ্গ যে রঙ্গে ধায়, ধাইলি অবোধ হায়।" – এখানে পতঙ্গের সঙ্গে কাকে তুলনা করা হয়েছে এবং কেন ? ২

২১। "বাধা পানই হাতে থুইও।" অর্থ পরিস্ফুট করো। ২

২২। "মানব সবাই নহে গো মানব," – কবির মতে কারা মানব ? ৩

২৩। কবি সুকান্ত ভট্টাচার্য তাঁর কবিতায় কাদের কথা ধ্বনিত করেছেন তা লেখো। ৩

২৪। 'বাল্যলীলা' পদটি কোন রসের পদ ? বাল্যলীলা পদটির নামকরণের সার্থকতা আলোচনা করো। ৫

## UNIT – III (Reading)

### 'গ'–গুচ্ছ : (পঠন)

নিম্নলিখিত রচনাংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখো :

বাউলদের মধ্যে জাতি ধর্ম সম্প্রদায়ের কোন ভেদাভেদ নেই। বাউল সাধকদের প্রামাণিক জীবন কথা জানার উপায় নেই। বাউল সঙ্গীতকারদের মধ্যে লালন ফকির, পাঞ্চ শাহ ও মদন বাউলের নাম সুবিখ্যাত।

লালন ফকিরের জন্ম হয় আনুমানিক ১৭৭৫ খ্রিষ্টাব্দে নদীয়ার অন্তর্গত কুষ্টিয়ার ভাঁড়ুরা গ্রামে। বিবাহের পর তীর্থযাত্রায় বেরিয়ে তিনি পথি মধ্যে নিদারুন বসন্ত রোগে আক্রান্ত হন। সঙ্গী সাথীরা তাঁকে পরিত্যাগ করে। সিরাজ সাঁই নামক জনৈক মুসলিম দরবেশ মুমূর্ষ লালনকে সেবা শুশ্রুষা করেন। লালন পরে সিরাজ সাঁইয়ের নিকট ফকিরি ধর্মের দীক্ষা নেন। লালন গুরুর কাছে সাধন পথে সিদ্ধি লাভের যে নির্দেশ পান, তা তিনি জনসাধারণের মধ্যে প্রচারে আত্মনিয়োগ করেন।

হিন্দু ও মুসলমান উভয় ধর্মের বহু মানুষ তাঁর শিষ্যত্ব গ্রহণ করেন। কুষ্টিয়ার নিকটবর্তী কালীগঙ্গার ধারে সেউরিয়া গ্রামে তাঁর আখড়া ছিল। সেখানেই তিনি বাস করতেন। মানুষের ধর্মই ছিল তাঁর ধর্ম। প্রতি বছর তিনি একটি প্রীতি উৎসব করতেন। এতে সকল শিষ্য প্রশিষ্য যোগদান করতেন। সুদীর্ঘ জীবনে লালন অজস্র বাউল গান রচনা করেছেন।

২৫। লালন ফকিরের জন্ম হয় আনুমানিক – ১

(ক) ১৭১৬ খ্রিষ্টাব্দে

(খ) ১৭৭৫ খ্রিষ্টাব্দে

(গ) ১৭৭৬ খ্রিষ্টাব্দে

২৬। লালন অজস্র – ১

(ক) রবীন্দ্র সঙ্গীত রচনা করেন

(খ) বাউল গান রচনা করেন

(গ) নজরুলগীতি রচনা করেন

২৭। বাউল সঙ্গীতকারদের মধ্যে কারা বিখ্যাত ? ২

২৮। কত খ্রিষ্টাব্দে কোথায় লালন ফকিরের জন্ম হয় ? ২

২৯। বসন্ত রোগে আক্রান্ত লালনকে কে সেবা শুশ্রূষা করেছিলেন? ২

৩০। লালনের আখড়া কোথায় ছিল ? ২

৩১। লালন ফকিরের ধর্ম কী ছিল ? তিনি প্রতি বৎসর কী উৎসব পালন করতেন ? ২

৩২। সারাংশ লেখো – ৩

কর্মময় এ পৃথিবী। এখানে ঘুমিয়ে জীবন কাটাতে কেউ আসে নি। যে ঘুমিয়ে জীবন কাটাল, তার পৃথিবীকে জানা হলো না। ঘুম ভেঙ্গে সে যদি একবার বহির্বিশ্বের দিকে দৃষ্টি দিত, তাহলে দেখতে পেত, দিকে দিকে কী বিপুল কর্মোচ্ছাস। এরই মধ্যে জীবনের আস্বাদ গ্রহণ করতে হবে। কারণ পৃথিবী কর্মময়। কর্মেই মানুষের প্রকৃত পরিচয়। অতএব আত্মশক্তিতে উদ্বুদ্ধ হয়ে আপন ভাগ্য রচনার জন্য কর্মে ব্রতী হতে হবে। পথ দুর্গম, অন্তহীন। কিন্তু মানুষ পথের দুর্গমতাকে উপেক্ষা করতে পারলে একদিন নিজেকে সুপ্রতিষ্ঠিত করতে সক্ষম হবে।

## UNIT– IV (Writing)

### 'ঘ'– গুচ্ছ : (লিখন)

৩৩। মনে কর তুমি পল্লীশ্রী ক্লাবের ফুটবল টিমের ক্যাপ্টেন। ২৩শে মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে বিকাল ৩ টায় বিদ্যামন্দির স্কুলের মাঠে সানরাইজ ক্লাবের সঙ্গে পল্লীশ্রী ক্লাবের একটি প্রীতি ফুটবল খেলা হবে। তোমার ক্লাবের সদস্যরা যাতে নির্দিষ্ট দিনে মাঠে উপস্থিত থাকে এই মর্মে একটি বিজ্ঞপ্তি রচনা করো। ৪

৩৪। বিদ্যুতের খুঁটির উপর গাছ পড়ে তার ছিঁড়ে যাওয়ায় রাজপুর গ্রাম ও সন্নিহিত অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেছে। ফলে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। এই মর্মে একটি প্রতিবেদন রচনা করো। ৪

৩৫। ভাবসম্প্রসারণ করো : ৫

রথযাত্রা, লোকারণ্য, মহা ধুম ধাম,

ভক্তেরা লুটায়ে পথে করিছে প্রণাম ।

পথ ভাবে আমি দেব রথ ভাবে আমি,

মূর্তি ভাবে আমি দেব – হাসে অর্ন্তযামী।

৩৬। তোমার দাদার বিবাহ এবং তোমার পরীক্ষা একই সাথে থাকার কারণে তুমি যে সমস্যার সম্মুখীন হয়েছো তা জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখো। (চিঠিতে তোমার নামের জায়গায় 'ক' লিখবে। ঠিকানার প্রয়োজন নাই) ৫

৩৭। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ৭

(ক) তোমার প্রিয় লেখক

(খ) তোমার জীবনের লক্ষ্য

(গ) ছাত্র জীবনের দায়িত্ব ও কর্তব্য

## UNIT–V (Functional Grammar)

### 'ঙ'– গুচ্ছ : (ব্যবহারিক ব্যাকরণ)

৩৮। পদ : ১

(ক) পাঁচ প্রকার

(খ) ছয় প্রকার

(গ) চার প্রকার

৩৯। নবান্ন : ১

(ক) নবা + অন্ন

(খ) নব + আন্ন

(গ) নব + অন্ন

৪০। তাসের ঘর শব্দের অর্থ : ১

(ক) দীর্ঘস্থায়ী

(খ) স্থায়ী নয়

(গ) ক্ষণস্থায়ী

৪১। ভাষা : ১

(ক) তিন প্রকার

(খ) দুই প্রকার

(গ) চার প্রকার

৪২। প্রথমা বিভক্তি : ১

(ক) এ, তে, য়

(খ) এ, কে, রে

(গ) র, এর, কের, কার

৪৩। কারক কত প্রকার ? ১

(ক) পাঁচ প্রকার

(খ) ছয় প্রকার

(গ) সাত প্রকার

৪৪। সন্ধি কাকে বলে ? ১

৪৫। পদ কাকে বলে ? ১

৪৬। যে কয়েক পদে সমাস হয় তাদের প্রত্যেককে কী বলে ? ১

৪৭। কৃত প্রত্যয় কাকে বলে ? ১